



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ এপ্রিল ২০১৮

বিবৃতি

### জেএসএস সংস্কার কর্তৃক খাগড়াছড়িতে এক সমাজকর্মীকে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির সদর উপজেলার কমলছড়ি গ্রামের বাসিন্দা সূর্য বিকাশ চাকমা (৫২) নামে এক সমাজ কর্মী আজ সোমবার ১৬ এপ্রিল বিকাল ৪টার দিকে দুর্বৃত্তের গুলিতে প্রাণ হারিয়েছেন। সংস্কারপন্থী বলে চিহ্নিত জেএসএস-এর ৩ সশস্ত্র সন্ত্রাসী দয়াল চাকমার বাড়ি থেকে তাকে ডেকে নিয়ে বাড়ির উঠোনে গুলি চালিয়ে মৃত্যু নিশ্চিত করে চলে যায়।

এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা।

তিনি সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে বলেন, পার্বত্য চট্টগ্রামে হানাহানিমুক্ত শান্ত পরিবেশ বজায় থাকুক, তা রাষ্ট্রের একটি ক্ষমতামূলক গৌষ্ঠী চায় না। তারাই পরিকল্পিতভাবে এসব ঘটনা ঘটাবে। আঞ্চলিক রাজনৈতিক দলের লেভেল এঁটে দীর্ঘদিন যাবৎ নানা অপরাধী কর্মে তৎপর চিহ্নিত একটি চক্রকে নীলনক্সা মতো রাষ্ট্রের এ গৌষ্ঠীটি বাগিয়ে নিয়েছে। তাদের পোষ্যপুত্রের মতো আশ্রয়-প্রশয় দিয়ে যাচ্ছে। জনগণের আন্দোলন বাধাগ্রস্ত করার হীন উদ্দেশ্যে এদের লেলিয়ে দিয়ে রাষ্ট্রের এ গৌষ্ঠীটি পার্বত্য চট্টগ্রামে আবার নতুন করে খুনখারাবিতে মেতে ওঠেছে।

বিবৃতিতে তিনি একই সাথে চ্যানেল২৪সহ কিছু অনলাইন সংবাদ মাধ্যমে কমলছড়ির বাসিন্দা ও সমাজকর্মী সূর্য বিকাশ চাকমাকে “ইউপিডিএফ নেতা” হিসেবে প্রচার করার ঘটনাটি উদ্দেশ্যপ্রণোদিত ও ষড়যন্ত্রের অংশবিশেষ বলে মন্তব্য করেন।

বার্তা প্রেরক

নিরনচাকমা

প্রচার ও প্রকাশনাবিভাগ

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)